গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়,সিলেট।
E-mail : sylhet@cs.dghs.gov.bd

স্মারক নং- সিএসএস/নিয়োগ/২০২৩/১৮০১ তারিখ : ২০/০৭/২০২৩ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-স্বাসেবি/প্রশাসন-১/পিএইচ/২সি-১৬/৯৪-১০৯৭ তারিখ : ২৬/০৭/২০২২ খ্রিঃ মোতাবেক সিভিল সার্জন, সিলেট ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান সমূহের স্থায়ী, রাজস্ব খাতে ১১-১৭ গ্রেডভুক্ত (পূর্বতন ৩য় শ্রেণি) নিম্নলিখিত পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিক এর নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে **Online** এ আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও জাতীয় বেতন স্কেল,২০১৫ | পদের সংখ্যা | আবেদনের নুন্যতম শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | ফার্মাসিস্ট (গ্রেড-১১)<br>বেতন স্কেল : ১২৫০০ - ৩২২৪০/- | ০৩টি | ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে ফার্মেসিতে ডিপ্লোমা ডিগ্রী এবং বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত। |
| ২। | মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবঃ) (গ্রেড-১১)<br>বেতন স্কেল : ১২৫০০ - ৩২২৪০/- | ১৬টি | ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (ল্যাব)-এ ডিপ্লোমা ডিগ্রি। |
| ৩। | মেডিকেল টেকনোলজিস্ট (ডেন্টাল) (গ্রেড-১১) বেতন স্কেল : ১২৫০০ - ৩২২৪০/- | ০৫টি | ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (ডেন্টাল)-এ ডিপ্লোমা ডিগ্রি। |
| ৪। | পরিসংখ্যানবিদ (গ্রেড-১৪)<br>বেতন স্কেল : ১০২০০ - ২৪৬৮০/- | ০৪টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গনিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>খ) কম্পিউটার চালানোর দক্ষতা। |
| ৫। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/- | ১৭টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে এমএস ওয়ার্ড,এক্সএল,পাওয়ারপয়েন্ট ও ডাটা এন্ট্রির কাজে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।<br>গ) টাইপিং গতি (সর্বনিম্ন) প্রতি মিনিটে বাংলায়-২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ। |
| ৬ | স্টোর কিপার (গ্রেড-১৬)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/- | ৯টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) স্টোর কিপার নিয়োগের জন্য চুড়ান্ত ভাবে বিবেচিত হলে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। |
| ৭। | ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/- | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | ওয়ার্ড মাস্টার (গ্রেড-১৬)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/- | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | গাড়ি চালক (গ্রেড-১৬)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/- | ০৮টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স সহ যানবাহন চালনার অভিজ্ঞতা। |
| ১০। | স্বাস্থ্য সহকারী (গ্রেড-১৬)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/- | ১৬৯টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

১। বিশেষ নির্দেশনাঃ

১.১ আগ্রহী পদপ্রার্থীগণকে http://cssylhet.teletalk.com.bd এ ওয়েবসাইটে অনলাইনে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পূরণ করতে হবে।

১.২ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগ ও কোটার ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি ও নীতি অনুসরণ করা হবে।

১.৩ উক্ত নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল নিয়োগ বিধিমালা-২০১৮, কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা-২০১৯ ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি অনুযায়ী ক্যাটাগরি ভিত্তিক প্রযোজ্য তফসিল অনুসারে লিখিত ও মৌখিক (প্রযোজ্যক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

১.৪ ক্রমিক নং-১,২ ও ৩ এ বর্নিত পদে বাংলাদেশের যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১.৫ ক্রমিক নং-4 থেকে ১০ পর্যন্ত পদের প্রার্থীদের ক্ষেত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট পুরাতন ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের বাসিন্দাগণও আবেদন করতে পারবেন। তবে সংশ্লিষ্ট পুরাতন ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য কোন প্রার্থীদের বিবেচনা করা হবেনা।

১.৬ স্বাস্থ্য সহকারী শুন্য পদের তালিকা (ওয়ার্ড,ইউনিয়ন,উপজেলা ভিত্তিক) সিভিল সার্জনের কার্যালয় ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১.৭ কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস, বৃদ্ধি এবং প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন,সংশোধন ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১.৮ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও ডাটা এন্ট্রি অপারেটর পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগন নিয়োগ বিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে **Standard Aptitude Test** এ ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের যোগ্য হবেন।

১.৯ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪ তারিখঃ ১১/১২/২০১৮ খ্রিঃ এবং সিভিল সার্জন,সিলেট এর স্মারক নং-সিএসএস/ নিয়োগ/ ২০১৮/ ১৫৬০৪ তারিখঃ ১৩/১২/২০১৮ খ্রিঃ মুলে দৈনিক উত্তরপূর্ব পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক যারা ইতোপূর্বে অনলাইনে আবেদন করেছিলেন, তাদেরকে **(কীটতত্ত্ব টেকনিশিয়ান ও ল্যাব ঃ এটেনডেন্ট পদ ব্যতীত)** পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

১.১০ প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোনো তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহন করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.১১ কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১.১২ প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তি ফৌজদারি অপরাধে দন্ডিত হলে কিংবা বরখাস্ত হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। সরকারি / আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত/ আধা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগনকে (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহন পূর্বক আবেদন করতে হবে, এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র (NOC)-এর মুলকপি জমা দিতে হবে।

১.১৩ প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র- কন্যাদের পুত্র-কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট **www.molwa.gov.bd** তে এবং উক্ত ওয়েবসাইটে সর্বশেষ সংরক্ষিত/প্রদর্শিত তালিকার যেকোন একটির প্রমাণক দাখিল করবেন। এক্ষেত্রে কোন প্রকার সাময়িক সনদ বা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সনদ প্রযোজ্য হবেনা।

১.১৪ এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা অথবা ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত এতিম / শারীরিক প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

১.১৫ আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যভুক্ত (নূন্যতম ২১ দিনের প্রশিক্ষণ যা ৩০/০৬/২০২৩ খ্রিঃ এর পূর্বে সম্পন্ন ) প্রার্থীকে জেলা আনসার অ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

চলমান পাতা-২

১.১৬ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.১৭ প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটা বা অন্য কোন সুবিধা দাবির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রসমূহের মূলকপি, এবং সনদপত্র সমূহের এক সেট সত্যায়িত ফটোকপি ও প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে।

১.১৮ নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।

১.১৯ সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রক্রিয়াকরণ করা হবে। অন্য কোনোভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১.২০ আবেদনপত্র, লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

১.২১ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী অপেক্ষমাণ তালিকা প্রস্তুতপূর্বক সংরক্ষণ করা হবে।

২। বয়সসীমা : ০১ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখে বয়স :

২.১ বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্রকন্যাদের পুত্রকন্যা, শারীরিক প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য ১৮ হতে ৩০ বছর।

২.২ বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্রকন্যা/পুত্রকন্যাদের পুত্রকন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য ১৮ হতে ৩২ বছর।

২.৩ বয়স প্রমাণের জন্য এসএসসি/সমমানের পরীক্ষার মুল/সাময়িক সনদে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে। এক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

৩। নাগরিকত্ব :

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসাবে জাতীয় পরিচয়পত্র (NID) ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

৩.২ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

৪। সংরক্ষণ :

৪.১ নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫। সকল পদে অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী, শর্তাবলী ও পরীক্ষার ফি জমাদানের সময় ঃ

৫.১ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://cssylhet.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের সময় নিম্নরূপ :

**৫.২ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ২৩ জুলাই, ২০২৩ খ্রিঃ রাত ১২.০০ টা হতে ১২ আগস্ট, ২০২৩ খ্রিঃ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত।**

৫.৩ উক্ত সময়সীমার মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীরা উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত SMS এর মাধ্যমে বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৫.৪ Online আবেদন পত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০) pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষর ৬০ kb এর মধ্যে হতে হবে। Online আবেদন পত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, বিধায় Online আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন ।

৫.৫ SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

Online এ Application Form যথাযথভাবে পূরণ, নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। এখানে যদি কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি ( সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা স্বাক্ষর সঠিক না থাকে তাহলে প্রার্থী পুণরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন গ্রহনযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভূল তথ্য ও স্বাক্ষর থাকা এবং এ সঠিকতার PDF Copy ডাউনলোড পূর্বক নিশ্চিত হয়ে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে দেয়া User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি পৃথক SMS করে পরীক্ষার ফি বাবদ ১১-১২ গ্রেড এর জন্য ৩৩৪/- (তিনশত চৌত্রিশ) টাকা এবং ১৩-১৬তম গ্রেড এর জন্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

৬। ফি জমা দেয়ার পদ্ধতি :

৬.১ প্রথম **SMS: CSSYLHET<Space>User ID** লিখে **Send** করতে হবে **16222** নম্বরে। **Example: CSSYLHET ABCDEF send to 16222.**
**Reply: Applicant's Name, Tk. . . . . . . . .will be Charged as application fee . Your PIN is 12345678. To pay fee Type CSSYLHET <Space>Yes <Space> PIN and send to 16222 .**

৬.২ দ্বিতীয় **SMS: CSSYLHET<Space>Yes<Space>PIN** লিখে **Send** কতে হবে **16222** নম্বরে। **Example: CSSYLHET YES 12345678 send to 16222.**
**Reply: Congratulations Applicant's Name, Payment completed Successfully for CSSYLHET Application for xxxxxxx User ID is (ABCDEF) and Password (X X X X X X X X X).**

৬.৩ শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://cssylhet.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করতে হবে। পরীক্ষা সংক্রান্ত তথ্য পাওয়ার জন্য মোবাইল নম্বর সক্রিয় না রাখার কারণে কোন তথ্য বা এসএমএস পেতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৬.৪ SMS–এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

৬.৫ শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
**User ID** জানা থাকলেঃ **CSSYLHET<Space>Help<Space>User<Space>User ID & Send to 16222** নম্বরে।
**Example: CSSYLHET Help User ABCDEF & Send to 16222** নম্বরে।
**PIN Number** জানা থাকলে ঃ **CSSYLHET<Space> Help<Space>PIN<Space>PIN No & Send to 16222**
**Example : CSSYLHET Help PIN 12345678 & send to 16222**

৬.৬ **Online** আবেদন করতে কোনো সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd ই-মেইলে অথবা টেলিটক হতে ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। ই-মেইল এর **Subject Organization Name:CSSYLHET, Post Name:............, Applicant`s User ID** ও **Contact Number** অবশ্যই উল্লেখ করতে হবে।

৬.৭ এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) পরীক্ষার তারিখ, সময়, স্থান অথবা প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সিভিল সার্জন অফিস, সিলেট এর নোটিশ বোর্ডের মাধ্যমে জানানো হবে। এছাড়া **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটক জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/cssylhet ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। প্রার্থীকে নিয়োগ সংক্রান্ত বিষয়ে আপডেট থাকার জন্য উল্লিখিত ওয়েবসাইটে নিয়মিত ভাবে দৃষ্টি রাখতে অনুরোধ করা যাচ্ছে।

৬.৮ প্রার্থীকে শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সতর্কতার সাথে নিজে অনলাইনে যথাযথভাবে আবেদনপত্র পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদান সহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

(ডাঃ এস,এম শাহরিয়ার)
সিভিল সার্জন, সিলেট।
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণি জনবল নিয়োগ কমিটি।

স্মারক নং- সিএসএস/ নিয়োগ/২০২৩/১৮০১/৩১ তারিখ : ২০/০৭/২০২৩ খ্রিঃ

বিতরণ : সদয় জ্ঞাতার্থে : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩ সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়,আগারগাঁও,শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ ।
০৫। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ,সিলেট।
০৬। পরিচালক (প্রশাসন) / পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৭। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তিটি ডিজিএইচএস এর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য সবিনয় অনুরোধ করা হল।
০৮। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ,সিলেট।
০৯। জেলা প্রশাসক, সিলেট।
১০। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড,গুলশান,ঢাকা।
১১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট বিভাগ, সিলেট।
১২। জেলা আনসার অ্যাডজুট্যান্ট, সিলেট।
১৩। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট।
১৪। উপপরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, সিলেট।
১৫। জেলা শিক্ষা অফিসার, সিলেট।
১৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,..................................................(সকল), সিলেট।
১৭। নোটিশ বোর্ড, অত্রাফিস।
১৮। অফিস কপি।

(ডাঃ এস,এম শাহরিয়ার)
সিভিল সার্জন, সিলেট।
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণি জনবল নিয়োগ কমিটি।